



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.biwta.gov.bd

মানব সম্পদ শাখা



মুখিব বর্ষের অঙ্গীকার
নদী রাখবো পরিষ্কার

নম্বর ১৮.১১.০০০০.০০৮.৯৯.০০১.২১.৩৪০ / ৬৬৪

তারিখ: ৩০ আষাঢ়, ১৪২৮

১৪ জুলাই ২০২১

বিজ্ঞপ্তি

মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩ তারিখ ৩০/০৬/২০২১ এবং স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬. ০০১.২১.২১৩ তারিখ ০৫/০৭/২০২১ মাধ্যমে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলী / চলাচলে আরোপিত বিধি-নিষেধ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ তারিখ ১৩/০৭/২০২১ দ্বারা আগামী ১৪ জুলাই ২০২১ মধ্যরাত হতে ২৩ জুলাই ২০২১ সকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত শিথিল করা হয়েছে। তবে এ সময়ে সর্বাবস্থায় সকল জনসাধারণকে সতর্কবস্থায় থাকা এবং মাস্ক পরিধানসহ স্বাস্থ্য বিধি কঠোরভাবে অনুসরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। অপরদিকে, মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ তারিখ ১৩/০৭/২০২১ দ্বারা আগামী ২৩ জুলাই ২০২১ সকাল ০৬.০০ ঘটিকা হতে ০৫ আগষ্ট ২০২১ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত বিভিন্ন শর্ত সংযুক্ত করে পুনরায় বিধি-নিষেধ আরোপ করায় বিআইডব্লিউটিএকে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ

- ক) মন্ত্রিপরিষদ বিভাগের উক্ত স্মারক মোতাবেক নৌ-বন্দর সংশ্লিষ্ট কার্যক্রম নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকায় কর্তৃপক্ষের নৌ-বন্দর ও ঘাট/ পয়েন্ট/ স্টেশন সমূহ এবং তৎসংশ্লিষ্ট দপ্তরগুলোর কার্যক্রম চালু থাকবে। সরকারি বিধি নিষেধ চলাকালীন কোন কর্মকর্তা / কর্মচারী নিজ নিজ কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।
- খ) সকল প্রকার যাত্রীবাহী নৌ-যান চলাচল বন্ধ থাকবে। তবে নৌ-পথে পন্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা এবং জরুরী সেবাদানের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।
- গ) কর্তৃপক্ষের বিভিন্ন ঘাট/পয়েন্টে ইজারা সংক্রান্ত কার্যক্রম চলমান রাখতে হবে।
- ঘ) কর্তৃপক্ষের সকল প্রকল্পের কাজ চলমান থাকবে।
- ঙ) কর্তৃপক্ষের রাজস্ব আদায় সম্পর্কিত কার্যাবলি, বাজেট ও হিসাব সংক্রান্ত কার্যাদি চলমান থাকবে।
- চ) নৌ-চলাচল সংক্রান্ত প্রটোকল, নৌ-সংক্রান্ত দুর্ঘটনা ব্যবস্থাপনা, নদী ভাঙ্গন রোধ, নৌ-পথ সংরক্ষণ, বন্দর / ঘাট/ল্যান্ডিং স্টেশন সংরক্ষণ, জরুরী ড্রেজিং কার্যক্রমসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কাজ সম্পাদন করতে হবে।
- ছ) সকল বিভাগীয় প্রধানগণ তাদের নিজ নিজ বিভাগের জরুরী কাজ ই-নথি, ই-টেভারিং, ই-মেইল, SMS, Whats App সহ অন্যান্য মাধ্যমে সম্পাদন করবেন। জরুরী প্রয়োজনে স্বাস্থ্য বিধি মেনে সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্মচারীগণ দপ্তরে উপস্থিত থাকবেন।
- জ) জরুরী প্রয়োজনে যোগাযোগের জন্য নিয়ন্ত্রন কর্মকর্তাদের নিকট তাদের অধীনস্থ কর্মকর্তা / কর্মচারীগণের টেলিফোন নম্বর সংরক্ষণ রাখতে হবে।
- ঝ) যে সকল কর্মকর্তা ও কর্মচারী অফিসে আসবেন তাদের যানবাহনের ব্যবস্থা করা হবে।
- ঞ) অফিসে আসা যাওয়ার সময় কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রাতিষ্ঠানিক পরিচয়পত্র বহন করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে পরিচয়পত্র আইন শৃঙ্খলা বাহিনীকে প্রদর্শন করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।



১৪-৭-২০২১

এস এম শাহেদ রেজা

উর্দ্ধতন উপ- পরিচালক (মানব সম্পদ)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সকল বিভাগীয় প্রধান, বিআইডব্লিউটিএ, ঢাকা / নারায়ণগঞ্জ / বরিশাল / মাদারীপুর।
- ২) পরিচালক (আইসিটি)/ সিস্টেম ম্যানেজার (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক/সিস্টেম ম্যানেজার (আইসিটি বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) সকল সমস্বল দপ্তর, বিআইডব্লিউটিএ.....।
- ৪) উপ- পরিচালক (আইন), আইন শাখা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
- ৫) উপ- পরিচালক (প্রশাসন), প্রশাসন, যানবাহন ও এস্টেট শাখা, সচিবালয় বিভাগ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
- ৬) সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
- ৭) ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
- ৮) ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
- ৯) ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ